



তথ্যবিবরণী

নম্বর- ২৩০

রাজশাহীতে আধুনিক তথ্য কমপ্লেক্সের বেসমেন্টের ঢালাই শুরু

রাজশাহী; ৬ চৈত্র (২০ মার্চ):

বেসমেন্ট ঢালাই এর মধ্যদিয়ে রাজশাহীতে আধুনিক তথ্য কমপ্লেক্স নির্মাণ কাজ এগিয়ে চলেছে। নগরীর কাশিয়াডাঙ্গা ফায়ার সার্ভিস স্টেশনের পূর্ব পাশে ৩৩ শতক জমির ওপর তথ্য কমপ্লেক্স নির্মিত হচ্ছে। আজ (২০ মার্চ) বৃহস্পতিবার সকালে জেলা তথ্য অফিস ও আঞ্চলিক তথ্য অফিস (পিআইডি) এর কর্মকর্তা-কর্মচারী এবং গণপূর্ত দপ্তরের নির্বাহী ও উপবিভাগীয় প্রকৌশলীগণের উপস্থিতিতে বেসমেন্ট ঢালাই শুরু হয়।

গণযোগাযোগ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত 'জেলা পর্যায়ে আধুনিক তথ্য কমপ্লেক্স নির্মাণ' প্রকল্পের ১ম পর্যায়ের অধীন এ ভবন নির্মাণ কাজ শুরু হয়। ভবনের প্রাক্কলিত মূল্য ১৬ কোটি ৬৯ লক্ষ ৯৬ হাজার ৪০১ টাকা তবে চুক্তিপত্রের গৃহীত মূল্য ১৫ কোটি দুই লক্ষ ৯৬ হাজার ৭৬১ টাকা।

রাজশাহী জেলা তথ্য অফিস ও আঞ্চলিক তথ্য অফিসের (পিআইডি) জন্য অফিস অবকাঠামো ছাড়াও সাততলা ভবনে আধুনিক সিনেপ্লেক্স, ডিজিটাল ল্যাব ও ডিজিটাল আর্কাইভ, অডিও ভিজুয়াল সার্পোট সম্বলিত এডিটিং প্যানেলসহ পূর্ণাঙ্গ মিডিয়া হাব, কনফারেন্স হলসহ প্রশিক্ষণ হল থাকবে।

২০২৬ সালের মার্চ নাগাদ ভবনটির নির্মাণ কাজ শেষ হবে মর্মে নির্বাহী প্রকৌশলী মো. রাশেদুল ইসলাম আশাবাদ ব্যক্ত করেন।

.....
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/কনক/হালিম/২০২৫/১৩:৩০ঘ.